তুরস্ক সফর শেষে ঢাকা পৌছেছেন এমপি সাহিদুজ্জামান খোকন

চারদিনের সফর শেষে তুরস্ক থেকে বাংলাদেশে ফিরেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন। বুধবার সকাল ৮টার সময় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে পৌছান।

এদিকে এমপি সাহিদুজ্জামান খোকনকে সংবর্ধনা দিতে গাংনীতে ব্যাপক প্রস্তুতি গ্রহন করা হয়েছে।

এমপি সাহিদুজ্জামান খোকনকে সংবর্ধনার প্রস্তুতি নিতে শহরের প্রধান সড়কের উপর অনেক তোরণ নির্মাণ করা হয়েছে।

স্থানীয় নেতা কর্মীরা জানান, এমপিকে গণ সংবর্ধনা দিতে আমনা ব্যাপক প্রস্তুতি নিয়েছি। নেতা তাঁর সফরের বিষয়ে আমাদের অবহিত করবেন। এলাকাবাসি এমপি।সাহিদুজ্জামান খোকনের কথা শোনান জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন বলে জানিয়েছেন স্থানীয় নেতারা। -গাংনী অফিস

গাংনীতে তিন মহিলার উপর হামলা

মেহেরপুরের গাংনী উপজেলার কোদালকাটি গ্রামে জমি।সংক্রান্ত পূর্ব শত্রুতার জের ধরে তিনজন নারীর উপর হামলা করেছে প্রতিপক্ষরা। এতে তিনজন নারী আহত হয়েছে বলে জানা গেছে।

আহতরা হলো কোদালগাটি গ্রামের পশ্চিম পাড়ার মৃত সমর আলির স্ত্রী বুলবুলি খাতুন (৫০), রবিউল ইসলামের স্ত্রী শিল্পি আরা (৩৫) ও মো: জনিরুল ইসলামের স্ত্রী শাহানাজ খাতুন (২৫) মঙ্গলবার বেলা ৩টার দিকে এ হামলার ঘটনা ঘটে বলে জানান হামলার শিকার আহত তাদের স্বজনরা।

আহত শাহানাজের স্বামী জনিরুল বলেন, রাস্তার সাথে আমার ১০ শতক

জমির বিনিময়ে ২৫ শতক জমি আমাকে দেয় ঐ গ্রামের আ: জলিলের ছেলে জামিরুল মাষ্টার ও বিশারতের ছেলে সালাম।

বিনিময় করার পর ১৩ বছর বসবাস করার পর হঠাৎ করে তারা সে জমি ছেড়ে দিতে বললে তা ছেড়ে দিয়ে আমার নিজেস্ব ১০ শতক জমির মধ্যে ৫শতক জমির উপর বাড়ি করে দুমাস ধরে বসবাস শুরু করি।

হঠাৎ ঘটনার দিন মঙ্গলবার বেলা ৩টার দিকে রড লাঠিসোঠা নিয়ে জামিরুল মাষ্টার সহ তার দলবল নিয়ে আমাদের বাড়ির লোকজনের উপর অতর্কিত হামলা করে। হামলায় বাড়ির তিনজন মহিলা মারত্মক আহত হয় বলে জানান জনিরুল ইসলাম। দেড় মাস আগে এবিষয়ে গাংনী থানায় একটি অভিযোগ করা হয় বলে জানান ভুক্তোভোগি জনিরুল ইসলাম।

গতকালকের হামলার বিষয়ে গাংনী থানায় অভিযোগ করার প্রক্রিয়া চলছে বলে জানান জনিরুল ইসলাম।

- গাংনী অফিস

হামিদুল ইসলাম সভাপতি ফিরোজ শেখ সম্পাদক

মেহেরপুর শহর ৯নং ওয়ার্ড আওয়ামীলীগের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার শহরের পাসপোর্ট অফিসের সামনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সভাপতিত্ব করেন শহর আওয়ামীলীগের সভাপতি অ্যাড ইয়ারুল ইসলাম।
সম্মেলনে হামিদুল ইসলামকে সভাপতি ও ফিরোজ শেখ কে সাধারণ সম্পাদক হিসেবে ঘোষণা করা হয়। এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মিয়াজান আলী সাবেক জেলা আওয়ামী লীগের সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান, শহর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আক্কাচ আলী, যুগ্মসাধারণ সম্পাদক আসলাম খান পিন্টু, জেলা জেলা যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক সাজ্জাদুল আলম প্রমুখ।

গাংনীতে পরিত্যাক্ত অবস্থায় ১শ’ ৮ বোতল ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামের মাঠ থেকে পরিত্যাক্ত অবস্থায় ১শ’৮ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়েছে।

দুপুরের দিকে তেরাইল গ্রামের পশ্চিম পাড়ার নিমতলা নামকস্থানে আবুল কালামের ছেলে উজ্জ্বলের হলুদ ক্ষেতে কর্মরত কৃষকরা ৬টি বস্তা পড়ে থাকতে দেখলে প্রথমে বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলামকে জানালে তিনি গাংনী থানা পুলিশকে খবর দেন।
খবর পেয়ে ঘটনাস্থলে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে পড়ে থাকা ৬টি বস্তার ভিতর থেকে ১শ’ ৮বোতল ফেন্সিডিল উদ্ধার করেন।

মেহেরপুর রাজনগরে সুখরঞ্জন ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

জমকালো অনুষ্ঠানের মধ্যে দিয়ে মেহেরপুর সদর উপজেলা রাজনগর গ্রামে সুখরঞ্জন ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকালে রাজনগর স্কুল মাঠে উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উইপি সদস্য আরমান আলী।

প্রধান অতিথি ছিলেন এআরবি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাবিবুর রহমান। খেলাটির উদ্বোধক ও সার্বিক সহযোগীতায় ছিলেন সুধাংশু

মোহন সরকার। উদ্বোধনী খেলায় অংশগ্রহন করে ভগিরাপুর ফুটবল একাদশ বনাম গোপালপুর ফুটবল একাদশ। এ খেলায় ১৬টি দল অংশ গ্রহন করে।

৬০ মিনিটের খেলায় টান টান উত্তেজনায় ০১-০ গোলে জয়ী হয়ে ভগিরাতপুর একাদশ বিজীয় হয়। ম্যান অব দা ম্যাচ ও সেরা গোলদাতা নির্বাচিত হয় ভগিরাতপুর ফুটবল একাদশ দলের সাজু সহ তিন জনকে প্রাইজবন্ড দিয়ে পুরস্কৃত করা হয়। খেলাটি পরিচালনা করেন জহির উদ্দিন, ইমাদুল ইসলাম, হাসিবুল ইসলাম।

এসময় খেলা পরিচালনা কমিটির সহ সভাপতি মুক্তি মিয়া, খাকছার আলী, সাধারন সম্পাদক রবিউল ইসলাম, যুগ্ম সাধারন সম্পাদক কামরুল ইসলাম কালু, কোষাধ্যক্ষ কুরবান আলী, সদস্য সুমন সরকার, সাবদার আলী, মামুনুর রশিদ, জাসুদ আলী সহ খেলা দেখতে আসা হাজার হাজার দর্শক খেলাটি উপভোগ করেন।

ছাত্রলীগ নেতা আশিক আটক

ছাত্রনেতা তুষারকে মারধর করার আসামী আশিকুর রহমান আশিক আটক হয়েছে। মঙ্গলবার মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজিরা দিয়ে জামিন আবেদন করেন।

এসময় আদালতের বিজ্ঞ বিচারক শাহিন রেজা জামিন না মঞ্জুর করে আশিক কে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

উল্লেখ্য, গত ৩০ সেপ্টেম্বর মুজিবনগর ডিগ্রী কলেজের সামনে মেরেপুর জেলা ছ্রাতলীগের যুগ্ম সাধারণ সম্পাদক তুষার ইমরানকে আশিক ও তার লোকজন মিলে মারধর করে।

এ ঘটনায় তুষার বাদি হয়ে মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে একটি মামলা দায়ের করেন।

:নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর নতুন দরবেশপুর দাখিল মাদ্রাসায় ক্লাস্টার মিটিং

মেহেরপুর নতুন দরবেশপুর দাখিল মাদ্রাসায় ক্লাস্টার মিটিং অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে ২৬ জন প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে এ মিটিং অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ সরকারের এডিজি-৪ বাস্তবায়ন ও মান সম্মত শিক্ষা নিশ্চিত করনের লক্ষে এ মিটিং এর আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম, পিরোজপুর ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি

গাংনীর রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতালে ভুল অপারেশনে আবারও মৃত্যু

মেহেরপুরের গাংনীতে রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতালে ভুল অপারেশনে নাসিরা খাতুন নামের এক নারীর মৃত্যু হয়েছে। গত রবিবার ভোরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এদিকে ক্লিনিক মালিক তরিকুল ইসলাম বিষয়টি ধামাচাপা দেওয়ার জন্য রোগীর স্বজনদের টাকা পয়সা দিয়েছে বলে সাংবাদিকদের জানান। ক্লিনিক মালিক সাংবাদিকদের বলেন রোগীদের যেহেতু ক্ষতি পূরণ

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে বিভিন্ন রোগীদের ভাগিয়ে নিয়ে আসার প্রমাণ আছে। এছাড়াও ভুল চিকিৎসায় রোগী মৃত্যুর ঘটনা এটাই প্রথম নয়। এর আগেও একই উপজেলার রামনগর গ্রামের এক গৃহবধুকে প্রাণ দিতে হয়েছে রবিউল মেমোরিয়াল হাসপাতালে ভুল অপারেশনের ফলে। সিভিল সার্জন ডাঃ শামিমা নাজনিন জানান, আসলে কেমন অনিয়ম হয়েছে না দেখে বলা সম্ভব নয়। তবে এ্যনেস্থেসিয়া ছাড়াই অপারেশন করা নিয়ম বহির্ভুত। তবে তার এ্যনেস্থেসিয়া সম্পর্কে অভিজ্ঞতা আছে কিনা সেটাও একটা বিষয়। অভিজ্ঞতা না থাকলে এনেস্থেসিয়া করাটা ঠিক নয়। তিনি আরও বলেন আমি এখন ঢাকাতে ট্রেনিং এ আছি এসে বিষয়টি খতিয়ে দেখে বলা যাবে।
দালাল দিয়ে রোগী ভাগিয়ে নেওয়ার বিষয়ে রবিউল মেমোরিয়াল হাসপাতাল মালিক তরিকুল ইসলামকে ভ্রাম্যমান আদালত বসিয়ে অর্থদন্ড সহ তার মুচলেকা নিয়ে সতর্ক করা হয়। তারপরও দালাল দিয়ে রোগী ভাগিয়ে নেওয়া বন্ধ হয়নি। বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নিতে স্থানীয়রা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেছেন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ক্যান্সারের জ্বালা সইতে না পেরে বৃদ্ধের আত্মহত্যা

মেহেরপুরে ক্যান্সারের জ্বালা সহ্য করতে না পেরে আবিদ নামের এক বৃদ্ধ আত্মহত্যা করেছে।

সোমবার বিকালে মেহেরপুর সদর উপজেলার গোপালপুর কলনি পাড়ায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, নিহত আবিদ দির্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছিল। সেই জ্বালা সহ্য করতে না পেরে সোবার বিকালে নিজ বাসভবনে বিষ পান করে আত্মহত্যা করে।

মেহেরপুরে গলাই ফাস লাগিয়ে কিশোরীর আত্মহত্যা

মেহেরপুরে আয়েছা নামের এক কিশোরী গলাই ফাস লাগিয়ে আত্মহত্যা করেছে। সেমাবার দুপরের মেহেরপুর শহরের ৭ নং ওয়ার্ড নতুন শেখ পাড়াই এ ঘটনা ঘটে। নিতহ আয়েছা নতুন শেখ পাড়ার আজজুলের বড় মেয়ে।

তার পরিবারথেকে জানা যায়, পারিবারি কলহের জের ধরে সোমবার দুপুরে ঘরের চালের আড়ার সাথে ফাস লাগিয়ে সে আত্মহত্যা করতে পারে। তবে এলাকাবাসী বলছে প্রেম ঘটিত কারনে আয়েছা আত্মহত্যা করতে পারে।

এদিকে আয়েছার আত্মহত্যাকে কেন্দ্র করে সিয়াম নামের এক কিশোরকে বেদড়ক পিটিয়েছে। আহত সিয়াম বর্তমানে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছে।

:নিজস্ব প্রতিনিধি